

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭২

খোয়াই, ১০ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

খোয়াই জেলায় মাইক্রো অবজারভারদের প্রশিক্ষণ

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচন উপলক্ষে আজ খোয়াই জেলায় মাইক্রো অবজারভারদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। খোয়াই জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত এই প্রশিক্ষণে ৭৫ জন মাইক্রো অবজারভার অংশ নেন। প্রশিক্ষণে উপস্থিত ছিলেন জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক চান্দনী চন্দ্রন, অতিরিক্ত জেলাশাসক তথা এআরও কেশব কর ও অন্যান্য আধিকারিকগণ।
